

মোকাম জেলা ও দায়রা জজ আদালত, নাটোর

ফৌঃ মিস কেস নং: /২৬

সূত্র- বড়াইগ্রাম থানার মামলা নং- ২৫, তাং- ২১/০৩/২৫ ইং

জি. আর. নং- ৭১/২৫ (বড়াই)

ধারা- ১৪৩/৩২৩/৩২৪/৩২৬/৩০৭/৩০২/৫০৬/১১৪/৩৪ দঃ বিঃ

দরখাস্তকারী	বনাম	প্রতিপক্ষ
মোঃ ওমর ফারুক		রাই পক্ষে
পিতা- মোঃ আঃ গনি		পি.পি., নাটোর
সাং- নওপাড়া		
থানা- বড়াইগ্রাম		
জেলা- নাটোর		

হাজতি দরখাস্তকারী আসামী ১। মোঃ ওমর ফারুক এর পক্ষে ফৌঃ কাঃ বিঃ ৪৯৮ ধারার বিধানমতে জামিনের প্রার্থনা।

মাননীয় আদালতে হাজতি দরখাস্তকারী আসামী সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন করেন যে, গত ২১/০৩/২৫ ইং তারিখে সূত্রের মোকদ্দমাটি বড়াইগ্রাম থানায় এজাহার দায়ের করিলে বড়াইগ্রাম থানা পুলিশ দরখাস্তকারী আসামীকে গত ১২/০৬/২৫ ইং তারিখে গ্রেফতার করিয়া বিজ্ঞ নিম্ন আদালতে সোপর্দ করিলে দরখাস্তকারী আসামী পক্ষে বিজ্ঞ কৌশলি সর্ব শেষ গত ২৭/০১/২৬ ইং তারিখে জামিনের প্রার্থনা করিলে বিজ্ঞ নিম্ন আদালত দরখাস্তকারী আসামীর জামিনের প্রার্থনা না মঞ্জুর করেন। বিজ্ঞ নিম্ন আদালতের উক্ত রূপ আদেশে দরখাস্তকারী হাজতি আসামী ক্ষতিগ্রস্ত হইয়া নিম্ন লিখিত হেতুবাদের আলোকে অত্র জামিনের দরখাস্ত আনয়ন করিতে বাধ্য হইলেন।

বিধায় প্রার্থনা ন্যায় বিচারের স্বার্থে ও নিম্ন বর্ণিত হেতুবাদের আলোকে হাজতি দরখাস্তকারী আসামী পক্ষে অত্র জামিনের দরখাস্ত গ্রহন করতঃ প্রয়োজনীয় আদেশ দান পূর্বক

চূড়ান্ত শুনানি অন্তে হাজতি দরখাস্তকারী আসামীকে যে কোন শর্তে যে কোন জামানতে জামিনের আদেশ দিয়া সুবিচার করিতে মর্জি হয়। ইতি। তাং- ০৫/০২/২০২৬ ইং।

হেতুবাদ সমূহ

১। যেহেতু হাজতি দরখাস্তকারী আসামী সম্পূর্ণ নির্দোষ এবং তাহার বিরুদ্ধে আনিত অভিযোগ সত্য নহে বিবেচনায় আসামী জামিনে মুক্তি পাইতে হকদার।

২। হাজতি দরখাস্তকারী আসামী দীর্ঘদিন যাবত অর্থাৎ গত ইং ১২/০৬/২০২৫ ইং তারিখ হইতে বিনা বিচারে হাজতাবদ্ধ থাকিয়া মানবেতর জীবন যাপন করিতেছে বিবেচনায় জামিনে মুক্তি পাইতে হকদার।

৩। [মামলার নথি পর্যালচনা করিয়া এখানে আরো পয়েন্ট যুক্ত করিতে হইবে]

৪। [মামলার নথি পর্যালচনা করিয়া এখানে আরো পয়েন্ট যুক্ত করিতে হইবে]

৫। আসামীর স্থায়ী ঠিকানা বিদ্যমান থাকায় জামিনে মুক্তি পাইলে হারানো বা পালানোর কোন সম্ভাবনা নাই বিবেচনায় আসামী জামিন পাইতে হকদার বটে।

৬। অন্যান্য হেতুবাদ সমূহ চূড়ান্ত শুনানিকালে মাননীয় আদালতে উপস্থাপন কর হইবে।